Australian Government

BENGALI

অক্টোবর
2021

অস্ট্রেলিয়ায় ভ্রমণ করা বা ফিরে আসা

ভ্রমণকারীদের জন্য জৈব-নিরাপত্তা বিষয়ক তথ্য

DON'T BE
'SORRY'
JUST DECLARE IT

অস্ট্রেলিয়ার জৈব-নিরাপত্তা বিষয়ক আইনগুলো কঠোর। এর লক্ষ্য হলো অস্ট্রেলিয়ার কৃষি ও অনন্য পরিবেশ ও বন্যপ্রাণীদেরকে ক্ষতিকর কীটপতঙ্গ, প্রাণী ও রোগবালাই থেকে রক্ষা করা।

আপনি অস্ট্রেলিয়ায় পৌঁছানোর আগে

আপনার আগমনকারী যাত্রীদের ঘোষণা সম্পূর্ণ করুন। আইন অনুসারে, আপনাকে যেকোনো ঝুঁকিপূর্ণ মালামাল সম্পর্কে ঘোষণা দিতে হবে যেমন নির্দিষ্ট খাদ্যদ্রব্য, উদ্ভিজ্জ সামগ্রী ও প্রাণীজ পণ্য। এর মধ্যে আছে এমন মালামাল যা বাণিজ্যিকভাবে প্রস্তুত ও প্যাকেটজাত করা হয়, তাজা, শুষ্ক, রান্না করা, হিমায়িত বা অল্প পরিমাণ খাদ্য, নাস্তা এবং রান্না করার উপকরণ।

উড়োজাহাজ বা জাহাজে দেয়া খাবার সাথে করে নিয়ে আসবেন না।

যখন আপনি অস্ট্রেলিয়ায় পৌঁছাবেন

- ইমিগ্রেশন পার হয়ে এগিয়ে যান।
- আপনার ব্যাগেজ সংগ্রহ করুন।
- জৈব-নিরাপত্তা ইন্সপেকশনের দিকে অগ্রসর হোন এবং বায়োসিকিউরিটি অফিসারের কাছে আপনার আগমনকারী যাত্রীদের ঘোষণাপত্র ও আপনি যেসব মালামালের ঘোষণা দিচ্ছেন সেগুলো উপস্থাপন করুন।
- আপনার ব্যাগগুলো একজন বায়োসিকিউরিটি অফিসার, একটি শনাক্তকারী কুকুর বা এক্স-রে এর মাধ্যমে পরীক্ষা করা হতে পারে, এমনকি আপনি কোনো ঝুঁকিপূর্ণ মালামালের ঘোষণা না দিলেও।

আপনি ঝুঁকিপূর্ণ মালামাল সম্পর্কে ঘোষণা না দিলে কী ঘটবে

যদি আপনি কোনো বায়োসিকিউরিটি অফিসারকে বা আপনার আগমনকারী যাত্রীদের ঘোষণাপত্রে মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য প্রদান করেন, অথবা যদি আপনি মালামাল সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে ব্যর্থ হন বা বায়োসিকিউরিটি অফিসারের দেওয়া নির্দেশনা মেনে চলতে ব্যর্থ হন, তাহলে:

- আপনাকে A$2,664 পর্যন্ত জরিমানার পরিমাণ উল্লেখ করে একটি লঙ্ঘনের নোটিশ দেওয়া হতে পারে
- আপনি দেওয়ানী শাস্তির জন্য শুনানির সম্মুখীন হতে পারেন, এবং/অথবা
- ফৌজদারি অপরাধের জন্য আপনার বিচার করা হতে পারে। দোষী সাব্যস্ত হলে, আপনি সর্বোচ্চ A$1.1 মিলিয়ন ডলার জরিমানার সম্মুখীন হতে পারেন এবং/অথবা আপনার 10 বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে।

আপনার ভিসাও বাতিল করা হতে পারে, যদি এমনটি হয় তাহলে আপনাকে অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে দেয়া হবে না।

যদি আপনি সব মালামালের ঘোষণা দেন এবং সেগুলো দেখান, তাহলে *জৈব-নিরাপত্তা আইন 2015* এর অধীনে আপনাকে দণ্ডিত করা হবে না, এমনকি সেগুলো অস্ট্রেলিয়াতে অনুমোদিত না হলেও।

অস্ট্রেলিয়ায় কোনো মালামাল নেয়া যাবে কিনা তা কিভাবে চেক করা যায়

awe.gov.au/bringing-goods ওয়েবসাইটে যান।

আমদানি সংক্রান্ত সুনির্দিষ্ট শর্তাবলি বা কাগজপত্রের আবশ্যকতা সম্পর্কে জানতে, **awe.gov.au/bicon** ওয়েবসাইটে বায়োসিকিউরিটি ইম্পোর্ট কন্ডিশন্স সিস্টেম (Biosecurity Import Conditions system, BICON)-এ যান। যদি আপনার একটি ইম্পোর্ট পারমিটের প্রয়োজন হয়, তাহলে আপনি সেই মালামাল অস্ট্রেলিয়ায় আনার আগে আপনাকে ইম্পোর্ট পারমিটের জন্য আবেদন করে এটি সংগ্রহ করতে হবে।

যদি আপনি নিশ্চিত না হন, তাহলে খাদ্য, উদ্ভিজ্জ সামগ্রী ও প্রাণীজ পণ্য আনবেন না।

আরো তথ্যের জন্য, **1800 900 090** নম্বরে ফোন করুন অথবা **imports@awe.gov.au** ঠিকানায় ইমেইল করুন।

আপনি পৌঁছানোর পর কোনো জৈব-নিরাপত্তা ঝুঁকি দেখতে পেলে কী করবেন

ব্যাগ খোলার সময় যদি আপনি জীবন্ত প্রাণী, কীটপতঙ্গ, মাটি, উদ্ভিজ্জ সামগ্রী বা অন্যান্য ঝুঁকিপূর্ণ আইটেম দেখতে পান তাহলে **1800 798 636** নম্বরে ফোন করুন। আপনি শাস্তির সম্মুখীন হবেন না।

আপনার ঘোষণা করা মালামালের কী হবে

একজন বায়োসিকিউরিটি অফিসার আপনার দেখানো মালামাল পরীক্ষা করবেন এবং আরো তথ্য বা কাগজপত্র চাইতে পারেন।

যদি মালামালগুলো অনুমোদিত হয় এবং পরিদর্শনে উত্তীর্ণ হয়, তাহলে সেগুলো আপনাকে ফিরিয়ে দেয়া হবে। যদি মালামালগুলো পরিদর্শনে উত্তীর্ণ না হয়, তাহলে মালামালগুলো পরিশোধন করতে, অস্ট্রেলিয়া থেকে রপ্তানি করতে বা ধ্বংস করতে আপনাকে অর্থ পরিশোধ করতে হতে পারে। বায়োসিকিউরিটি অফিসার আপনাকে পরামর্শ দেবেন।

আপনাকে কিছু নির্দিষ্ট খাদ্য, উদ্ভিজ্জ সামগ্রী ও প্রাণীজ পণ্যের ব্যাপারে অবশ্যই ঘোষণা দিতে হবে। এখানে কিছু উদাহরণ দেয়া হলো, কিন্তু মনে রাখবেন, যদি আপনি নিশ্চিত না হন, তাহলে এ বিষয়ে শুধু ঘোষণা দিন!

দুগ্ধ ও ডিমজাত পণ্য

- ইনফ্যান্ট ফর্মুলা
- পনির, দুধ ও দই
- আস্ত, শুষ্ক ও গুঁড়ো ডিম
- মেয়োনিজ
- নুডলস ও পাস্তা

উদ্ভিজ্জ সামগ্রী

- জীবন্ত উদ্ভিদ
- বীজ, কন্দ ও গাছের কাটা অংশ
- তাজা ও শুষ্ক ফুল
- কারুশিল্প ও অলঙ্কার
- কাঠের তৈরি সামগ্রী

খাবার

- উড়োজাহাজে বা জাহাজে দেয়া খাবার
- কাঁচা ও রান্না করা খাদ্য ও উপকরণ
- চাল
- প্যাকেটজাত খাবার
- মধু
- ভেষজ চা ও ওষুধ সহ ভেষজ উদ্ভিদ ও মশলা

ফল ও শাকসবজি

- তাজা ও হিমায়িত
- সংরক্ষিত ও শুষ্ক

মাংস, পোল্ট্রি ও সামুদ্রিক খাদ্য পণ্য

- তাজা, শুষ্ক, হিমায়িত, রান্না করা, ধূমায়িত, লবণ মাখানো বা সংরক্ষিত

প্রাণীর জন্য খাদ্য ও সরঞ্জাম

- পোষাপ্রাণীর খাদ্য ও নাস্তার সামগ্রী
- ওষুধপত্র
- ঘোড়ার জিন
- পশু চিকিৎসার সরঞ্জাম, পশুর চিরুনি বা ব্রাশ, পশম কাটার ও মৌমাছি পালনের সরঞ্জাম

জীবন্ত প্রাণী ও প্রাণীজ পণ্য

- ডিম ও পাখির বাসা
- পালক, হাড়, শিং, চামড়া, পশুর পশম ও চুল
- স্টাফকৃত পশু-পাখি
- ঝিনুক ও প্রবাল
- মোম ও মৌমাছির অন্যান্য পণ্য

বাদাম, বীজ, শিম ও দানাশস্য

আউটডোর, ক্যাম্পিং ও ক্রীড়া সরঞ্জাম ও পাদুকা

- হাইকিং বুট
- মাছ ধরার সরঞ্জাম
- মাটি, বীজ বা পানি দ্বারা দূষিত হতে পারে এমন যেকোনো কিছু

অন্যান্য মালামাল

নিচের মালামালগুলোর জৈব-নিরাপত্তা ঝুঁকি নেই:

- অ্যালকোহলযুক্ত পানীয় ও সিগারেট
- ইলেকট্রনিক সরঞ্জাম (যেমন ল্যাপটপ, ট্যাবলেট, ফোন ও ক্যামেরা)
- মূল্যবান আইটেম (যেমন অলঙ্কার, ঘড়ি ও মুদ্রা)।

এই আমদানি পণ্যগুলো ডিপার্টমেন্ট অব হোম অ্যাফেয়ার্স দ্বারা নিয়ন্ত্রিত এবং এই মালামালগুলো খালাসের আগে তাদের পরীক্ষা করে ছাড়পত্র দেয়ার প্রয়োজন হতে পারে। সীমান্ত দিয়ে এই মালামালগুলো পার করানো এবং আমদানি কর ও শুল্ক সম্পর্কে আরো তথ্যের জন্য, **homeaffairs.gov.au** ওয়েবসাইট দেখুন।

প্রেসক্রিপশন-বিহীন বা প্রেসক্রিপশনের ওষুধ এবং অন্যান্য থেরাপিউটিক মালামালের জন্য, থেরাপিউটিক গুডস এডমিনিস্ট্রেশন-এর ওয়েবসাইট **tga.gov.au** দেখুন।

হাঙরের পাখনা, সাপের চামড়া, হাতির দাঁত, কচ্ছপের খোলস ও বিরল অর্কিড সহ কনভেনশন অন ইন্টারন্যাশনাল ট্রেড এবং এনডেঞ্জার্ড স্পেসিস অব ওয়াইল্ড ফনা এন্ড ফ্লোরা (CITES)-তে তালিকাভুক্ত উদ্ভিদ ও প্রাণী প্রজাতির স্থানান্তর সংক্রান্ত তথ্যের জন্য **awe.gov.au/biosecurity-trade/wildlife-trade/non-commercial** ওয়েবসাইট দেখুন।

ফোন 1800 900 090 বা
+61 3 8318 6700 (অস্ট্রেলিয়ার বাইরে থেকে)

© কমনওয়েলথ অব অস্ট্রেলিয়া 2021.
প্রকাশনার সময় এই তথ্যপত্রের তথ্য সঠিক।
আমদানির ক্ষেত্রে জৈব-নিরাপত্তা বিষয়ক শর্তগুলো কোনো বিজ্ঞপ্তি ছাড়াই পরিবর্তিত হতে পারে।

awe.gov.au/travelling

ফেসবুক: Australian Biosecurity
টুইটার: @DeptAgNews

ABIO258.1021